

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ রাসূলুল্লাহ (ﷺ) বিষয়ক জাল হাদীস রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. রাসুলুল্লাহ জন্ম থেকেই লেখা পড়া জানতেন!

আব্দুল হাই লাখনবী বলেন: ওয়ায়িজদের মিথ্যাচারের একটি নমুনা:

لَمْ يَكُنْ ﷺ أُمِّيًّا بَلْ كَانَ قَادِراً عَلَى الْكِتَابَةِ وَالتِّلاَوَةِ مِن ابْتِدَاءِ الْفِطْرَةِ

"রাসূলুল্লাহ (ৠৣৣ) উম্মী বা নিরক্ষর ছিলেন না। তিনি প্রকৃতিগতভাবে শুরু থেকেই লিখতে ও পড়তে সক্ষম ছিলেন।"

এ কথাটিও ভিত্তিহীন মিথ্যা এবং তা কুরআনের সুস্পষ্ট বিরোধী। আল্লাহ বলেন: "আপনি তো এর পূর্বে কোনো পুস্তক পাঠ করেননি এবং নিজ হাতে কোনো পুস্তক লিখেন নি যে, মিথ্যাচারীরা সন্দেহ পোষণ করবে।"

ফুটনোট

[1] সূরা (২৯) আনকাবৃত: ৪৮ আয়াত।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=4786

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন